গাজীপুরে স্কুল ছাত্রকে কুপিয়ে হত্যা

গাজীপুরের টঙ্গী বিসিকে শুভ আহম্মেদ (১৫) নামে এক স্কুলছাত্রকে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। নিহত শুভ আহম্মেদ ফকির মাকের্ট এলাকার মো. রাজু মিয়ার ছেলে। সে বিসিকের একটি স্কুলের ৯ম শ্রেণির বিজ্ঞার বিভাগের ছাত্র ছিল।

গতকাল রবিবার দিবাগত রাত ২টার দিকে বিসিকের শাখা রাস্তায় শুভকে কুপিয়ে হত্যা করে পালিয়ে যায় দুর্বৃত্তরা। কারা, কী কারণে শুভকে হত্যা করেছে সে সম্পর্কে কিছুই জানাতে পারেনি পরিবারের স্বজনরা।

টঙ্গী পূর্ব থানার ওসি মো. কামাল হোসেন ঘটনাটি গণমাধ্যমকে নিশ্চিত করেছেন। তিনি জানান, রবিবার রাত ৯টার দিকে বাবার কাছ থেকে টাকা নিয়ে মাথার চুল কাটার জন্য বাইরে যায় শুভ।

এ ঘটনায় এলাকাবাসী পুলিশে খবর দিলে পুলিশ ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধার করে। ঘটনাস্থল থেকে একটি মোবাইল ফোন উদ্ধার করে পুলিশ। তার শরীরের বিভিন্ন স্থানে আঘাতের চিহ্ন এবং মাথায় ধারালো অস্ত্রের আঘাতের চিহ্ন রয়েছে।

এ ঘটনায় মামলার প্রস্তুতি চলছে এবং হত্যার ঘটনাটি তদন্ত করে দেখা হচ্ছে বলে জানিয়েছে পুলিশ।

মরদেহ ময়না তদন্তের জন্য গাজীপুর সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।